বেগম খালেদা জিয়ার আত্মার শান্তি কামনায় ঝিনাইদহে প্রার্থণা

সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার আত্মার শান্তি কামনায় ঝিনাইদহে মন্দিরে বিশেষ প্রার্থনা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার দুপুরে বিকেলে জেলা শহরের মদনমোহন মন্দিরে প্রার্থনার আয়োজন করা হয়।

হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান কল্যাণ ফ্রন্ট, পূজা উদযাপন ফ্রন্ট ও জেলা আদিবাসী ফোরামের যৌথ উদ্যোগে এ প্রার্থনা অনুষ্ঠিত হয়।

প্রার্থনা অনুষ্ঠানে জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এম এ মজিদ, সহ-সভাপতি মুন্সি কামাল আজাদ পান্নু, হিন্দু বৌদ্ধ খ্রিস্টান কল্যাণ ফ্রন্টের আহ্বায়ক তপন বিশ্বাস, সদস্য সচিব প্রহল্লাদ সরকার, জেলা পূজা উদযাপন ফ্রন্টের আহ্বায়ক দীপংকর ঘোষ, সদস্য সচিব বিজন কুমার ঘোষ, জেলা আদিবাসী ফোরামের সভাপতি অসিত কুমার বিশ্বাসসহ অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বেগম খালেদা জিয়ার বর্ণাঢ্য রাজনৈতিক জীবন, গণতন্ত্র পুনরুদ্ধার আন্দোলনে তাঁর দীর্ঘদিনের ত্যাগ ও সংগ্রামী ভূমিকা নিয়ে আলোচনা করেন অতিথিরা। এ সময় সনাতন ধর্মাবলম্বীরা বেগম খালেদা জিয়ার আত্মার শান্তি কামনা করেন এবং তাঁর শোক সন্তপ্তত পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

গাংনীতে বেগম খালেদা জিয়ার

সুস্থতা কামনায় দোয়া মাহফিল

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দীতে বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার দ্রুত সুস্থতা ও রোগমুক্তি কামনায় এক দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেল সাড়ে ৪টার দিকে বামন্দী সবজি হাটে এই দোয়া মাহফিলের আয়োজন করে গাংনী উপজেলা ও পৌর বিএনপি। স্থানীয় বিএনপি নেতাকর্মী ছাড়াও সাধারণ মানুষের উপস্থিতিতে এলাকাজুড়ে এক ধরনের আধ্যাত্মিক ও আবেগঘন পরিবেশ সৃষ্টি হয়।

দোয়া মাহফিলে নেতৃত্ব দেন গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দিন কালু। তিনি বলেন, বেগম খালেদা জিয়া শুধু বিএনপির নেত্রী নন, তিনি বাংলাদেশের গণতান্ত্রিক আন্দোলনের প্রতীক। তাঁর অসুস্থতা আমাদের জন্য গভীর উদ্বেগের। আমরা আল্লাহর কাছে প্রার্থনা করছি, যেন তিনি দ্রুত সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরে আসেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল আউয়াল, পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা, যুবদল, স্বেচ্ছাসেবক দল, ছাত্রদলসহ বিএনপির বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতারা। নেতাকর্মীরা একসঙ্গে হাতে হাত রেখে বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় মোনাজাতে অংশ নেন।